

এক নজরে গত মাসের কার্যক্রম

- ১৪টি নিয়মিত অডিও প্রোগ্রাম।
- যোগাযোগ দক্ষতা ও সামাজিক সমন্বয়ের উপর ২টি আলাপচারিতা।
- জলবায়ু পরিবর্তন ও স্থিতিস্থাপকতার উপর ৫টি ম্যাগাজিন।
- জনসাধারণের পরিসেবা ও সামাজিক সমস্যাগুলির উপর ৫টি পিএসএ।



স্বাস্থ্য কথা

একজন নারীর জীবনে মাতৃভের স্বাদ গ্রহণ করা খুব আনন্দের বিষয়। নারী থেকে মা হয়ে উঠার গল্প সবারই খুব উপভোগ্যে। তবে বর্তমানে চারপাশের অবস্থা দেখলে জানা যায় অনেক নারীই এই আনন্দ থেকে বঞ্চিত নানান শারীরিক জটিলতার কারণে। কিন্তু দুঃখের বিষয় হলো আমরা এখনো এমন এক সমাজে বসবাস করি যেখানে একজন নারী যদি সন্তানধারণে অক্ষম হয় তখন তাকে শুনতে হয়, অলক্ষী, অপয়া এরকম নানান কথা। এমনকি অধিকাংশ নারীকে করা হয় স্বামীর ঘরছাড়া। বন্ধুরা এক পরিসংখ্যানে জানা গেছে ডাক্তারদের কাছে যেসব দম্পতিরা চিকিৎসার জন্য আসেন তাদের মধ্যে সন্তান ধারণে অক্ষমতায় নারী ও পুরুষের সংখ্যা একই রকম। দেখা যায় দম্পতিদের মধ্যে ৪০ শতাংশ ক্ষেত্রে স্ত্রী এবং একই সংখ্যক স্বামীদের শারীরিক সমস্যা থাকে। বাকি ১০ ভাগ ক্ষেত্রে দুজনেরই সমস্যা থাকে। কিন্তু ১০ ভাগ ক্ষেত্রে সমস্যা অজানা থেকে যায়।



সাক্ষাতকার: উম্মে জেরিন, স্থান: কক্সবাজার চেম্বার ক্লিনিক, কক্সবাজার।

জেলে

কবির সাহেব একজন জেলে। তিনি জানান নদীতে মাছ ধরে তিনি স্বাচ্ছন্দ্যে জীবন যাপন করছেন। তিনি জাল বুনন করেও দৈনিক ৭০০-৮০০ টাকা আয় করে থাকেন। এই কাজ গুলো করে তিনি নিজের বাড়ি তৈরি করেন এবং তার ২ মেয়ের পড়ালেখা খরচ বহন করছেন।



সাক্ষাতকার: সূচি, নাজিরাটেক, কক্সবাজারভ

বর্তমানে আমরা প্রযুক্তি ব্যবহার নয় বরং প্রযুক্তির ভিতরে বসবাস করি।

সাদিকুল আলম বিজয় সেচ্ছাসেবক হিসেবে বিভিন্ন সংঘটনে কাজ করে আসছে দীর্ঘদিন ধরে। তিনি জানান ১০ বছর আগেও তথ্য প্রযুক্তির তেমন একটা ব্যবহার ছিল না। আগে দেখা যেত আমরা ২ মেগাবাইট নিয়ে সারাদিন কাটিয়ে দিতাম। কিন্তু এখন তথ্যপ্রযুক্তির এক্সেস পাওয়া সহজ হয়ে গিয়েছে। হাতের নাগালেই নেটের কানেকশন পেয়ে যাচ্ছি। যে কোনো জিনিসের ভাল ও খারাপ দুইটি দিক আছে। আপনি কোন দিক থেকে এইটা ব্যবহার করছেন এইটাই মুখ্য বিষয়। আজকের তরুণ প্রজন্ম তথ্য প্রযুক্তিকে কাজে লাগিয়ে অনেক কঠিন কাজ সহজে করে পেলেতে পারছে। তিনি আরো জানান, কম্পিউটারের যে প্রোগ্রামিং ভাষা আছে তা আমরা ব্যক্তিগত জীবন থেকে শুরু করে অফিসসহ দৈনন্দিন জীবনের নানা কাজে ব্যবহার করতে পারছি। বর্তমানে তরুণ প্রজন্ম বিভিন্ন অনৈতিক কাজে তথ্য প্রযুক্তি ব্যবহার করছে। দিন দিন সাইবার ক্রাইম বেড়েই চলেছে। সাইবার ক্রাইমের কারণে মানুষ নানামুখী সমস্যার সম্মুখীন হচ্ছে। বর্তমানে বাংলাদেশ সরকার সাইবার ক্রাইমের জন্য আইনের ব্যবস্থা করা হয়েছে। সাইম ক্রাইমকারীকে আইনের আওতায় এনে শাস্তি প্রদান করা হচ্ছে। সাইবার ক্রাইম আইন খুব কঠোরভাবে পালন হচ্ছে। ফলে এখন সাইবার ক্রাইম বাংলাদেশে অনেকাংশে কমে এসেছে। তিনি বলেন, পারিবারিকভাবে তথ্য প্রযুক্তির সঠিক ব্যবহারের শিক্ষা প্রদান করা সম্ভব নয়। এখন তথ্য প্রযুক্তি আমাদের পাঠ্য বইয়ের অর্ন্তভুক্ত হয়েছে। আমাদের শিক্ষাপ্রতিষ্ঠান এবং সরকার বিভিন্ন কর্মশালার আয়োজন করে তথ্য প্রযুক্তির সঠিক ব্যবহার তরুণ প্রজন্মের সামনে তুলে ধরতে পারবে। তথ্য প্রযুক্তির সঠিক ব্যবহার পারে দেশকে উন্নতির চরম শিকরে পৌঁছে দিতে। তাই চলুন তথ্য-প্রযুক্তির সঠিক ব্যবহার জানি, নিজের এবং দেশের কল্যাণে তার প্রতিফলন করি।



সাক্ষাৎকার: মোহনা কাদের, কক্সবাজার সরকারি কলেজ, কক্সবাজার।

শুভেচ্ছাবাণী



জনাব তারাপদ চৌহান, সিনিয়র উপজেলা মৎস্য অফিসার, কক্সবাজার সদর।

রেডিও সৈকত এর অর্গানিক শুটকি বিষয়ক এই ধরনের অনুষ্ঠানের জন্য ধন্যবাদ। রেডিও সৈকত এর এই ধরনের উদ্যোগ নিঃসন্দেহে প্রশংসার দাবিদার। রেডিও সৈকতের উত্তরোত্তর সাফল্য কামনা করি।

রেডিও সৈকত গ্রামীণ মহিলাদের জন্য স্বাস্থ্য পরিসেবা, কীভাবে স্বাবলম্বী হওয়া যায় সে তথ্য সরবরাহ করে অনেক ভাল করছে। আমরা রেডিও সৈকতকে অনেক অনেক শুভকামনা জানাই। আমরা আশা করি রেডিও সৈকত ভবিষ্যতেও আমাদের এই ধরনের তথ্য দিয়ে যাবে।



শ্রোতা ক্লাব, শুটকি পল্লি, কক্সবাজার

শ্রোতা মতামত

- ❑ বিরবিরিপাড়া গৃহিণী শ্রোতাক্লাবের সদস্যদের স্বতস্ফূর্ত অংশগ্রহণের মাধ্যমে পালন করা হয় 'নারীর প্রতি সহিংসতা প্রতিরোধে করণীয় বিষয়ক কর্মসূচী'। ক্লাবের সদস্যরা এই অনুষ্ঠানে তাদের জীবনে ঘটে যাওয়া নানান সহিংসতার ঘটনার স্মৃতি বর্ণনা করেন রেডিও সৈকত টিমের সাথে। তারা আরো জানায় "তারা একটি ভরসার স্থান পেয়েছে যেখানে তাদের মনের সব কথা শেয়ার করতে পারে"।
- ❑ কামিউনিটি রেডিও সৈকতের শ্রোতাক্লাবের ধারাবাহিকতা অনুযায়ী কক্সবাজার বালিকা উচ্চ বিদ্যালয়ের শিক্ষার্থীদের নিয়ে দুটি শ্রোতাক্লাব গঠন করা হয়। প্রতিটি ক্লাবে ২০ জন এবং ৩০ জন করে মোট ৫০ জন শিক্ষার্থী যুক্ত হয় রেডিও সৈকতের শ্রোতাক্লাবে। এসময় শিক্ষার্থীরা জানায় তারা রেডিও সৈকতের অনুষ্ঠানে অংশগ্রহণ করতে খুব আগ্রহী।



www.radiosaikat.net
www.facebook.com/radiosaikat
www.coastbd.net

রেডিও সৈকত মাসিক খবরপত্র, কোস্ট ফাউন্ডেশন, লাইট হাউস রোড, কলাতলি, কক্সবাজার।